DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 01:41 AM

জাতীয়

# বাংলাদেশ রাষ্ট্রব্যবস্থায় নতজানু পররাষ্ট্রনীতির স্থান নেই: মাহদী আমিন

**প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৬ আগস্ট ২০২৬, ০৬:৪৫ PM



বাংলাদেশ রাষ্ট্রব্যবস্থায় নতজানু পররাষ্ট্রনীতির কোনো স্থান নেই বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন।

বৃহস্পতিবার (৬ আগস্ট) তার ভেরিফাইড ফেসবুক পেজে এক পোস্টে তিনি এ কথা জানান।

তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম আকাঙ্ক্ষা ছিল একটি স্বাধীন, সার্বভৌম ও গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠা। এমন একটি রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলা, যেখানে পররাষ্ট্রনীতির প্রতিটি সিদ্ধান্তে দেশের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হবে।

মাহদি আমিন বলেন, দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সব সম্পর্কেই সমতা, ন্যায্যতা এবং জাতীয় স্বার্থকে ভিত্তি করে এগোতে হবে। বিশ্বে বাংলাদেশকে আত্মমর্যাদাসম্পন্ন রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করাই এ নীতির লক্ষ্য।

তিনি আরও বলেন, দিল্লিতে পলাতক দণ্ডপ্রাপ্ত এক নেত্রীকে বক্তব্য দেওয়ার সুযোগ দেওয়ার ঘটনায় পররাষ্ট্র মন্ত্রণালয় যে কড়া প্রতিক্রিয়া জানিয়েছে, তা সার্বভৌম ও মর্যাদাবান বাংলাদেশের অবস্থানকে তুলে ধরেছে।

মাহদি আমিনের ভাষ্য, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সার্বভৌমত্বের নীতিকে ধারণ করেই প্রধানমন্ত্রী তারেক রহমানের সবার আগে বাংলাদেশ নীতির ভিত্তিতে দেশ এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, এ নীতির লক্ষ্য স্বনির্ভর, সমৃদ্ধ এবং আন্তর্জাতিকভাবে মর্যাদাপূর্ণ বাংলাদেশ গড়ে তোলা।

---

## এ বিভাগের আরও খবর



**গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী**

গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




**ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী**

ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...



**সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী**

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




### আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/bangladesh-rashtrbjbsthay-ntjanu-prrashtrnitir-sthan-nei-mahdi-amin